শ্রীমদ্ভাগবত যে পরম রসময়, তাহা ১২।১৩ অধ্যায়ে শ্রীসূতগোস্বামী শৌনকাদি ঋষিগণকে বলিয়াছেন—"সর্ব্ববেদান্তসারং হি শ্রীভাগবতমিষ্যতে।" এই শ্রীমদ্ভাগবত সর্ব্ববেদান্তসার। শ্রীমদ্ভাগবতসুধায় যিনি পরিতৃপ্ত হয়েন, তাঁহার অন্য কোন শাস্ত্রে বা সাধনে রতি হয় না। এইপ্রকার উক্তিদ্বারা শ্রীমদ্ভাগবত আস্বাদনের গাঢ়তা দেখান হইয়াছে। ১৬১ ॥

অত্রৈবং বিবেচনীয়ং। শ্রীভগবন্নামাদেঃ শ্রবণং তাবৎ পরমং শ্রেয়ঃ। তত্রাপি মহদাবির্ভাবিতপ্রবন্ধাদেঃ। তত্র মহৎকীর্ত্ত্যমানস্য। ততোঽপি শ্রীভাগবতস্য। তত্রাপি চ মহৎকীর্ত্ত্যমানস্যেতি। অত্র মূর্ত্ত্যাভিমতস্বাত্মন ইতিবৎ নিজাভীষ্টনামাদিশ্রবণন্তু মুহুরাবর্ত্তয়িতব্যম্। তত্রাপি সবাসনমহানুভবমুখাৎ। সর্ব্বস্য শ্রীকৃষ্ণনামাদিশ্রবণন্তু পরমভাগ্যাদেব সম্পদ্যতে তস্য পূর্ণভগবত্ত্বাদিতি। এবং কীর্ত্তনাদিষপ্যনুসন্ধেয়ম্। তত্র যৎ স্বয়ং সম্প্রতি কীর্ত্ত্যতে, তদপি শ্রীশুকদেবাদিমহৎকীর্ত্তিতচরত্বেনানুসন্ধায় কীর্ত্তনীয়মিতি। তদেবং শ্রবণং দর্শিতম্। অস্য চ কীর্ত্তনাদিতঃ পূর্ব্বত্বং তদ্বিনা তত্তদজ্ঞানাৎ। বিশেষতশ্চ যদি সাক্ষাদেব মহৎকৃতস্য কীর্ত্তনস্য শ্রবণভাগ্যং ন সম্পদ্যতে, তদৈব স্বয়ং পৃথক্ কীর্ত্তনীয়মিতি তৎপ্রাধান্যাৎ। অতএবোক্তং—তদ্‌বাগ্-বিসর্গো জনতাঘবিপ্লব ইত্যাদৌ টীকাকৃদ্ভিঃ। যৎ যানি নামানি বক্তরি সতি শৃণ্বন্তি, শ্রোতরি সতি গৃণন্তি, অন্যদা তু স্বয়মেব গায়ন্তীতি। অথাতঃ কীর্ত্তনম্। তত্র পূর্ব্ববন্নামাদিক্রমো জ্ঞেয়ঃ। নাম্নো যথা—সর্ব্বেষামপ্যঘবতামিদমেব সুনিষ্কৃতম্। নামব্যাহরণং বিষ্ণো র্যতস্তদ্ বিষয়া মতিঃ ॥ ২৬২ ॥

টীকা চ—সুনিষ্কৃতং শ্রেষ্ঠং প্রায়শ্চিত্তমিদমেব। তত্র যতো নামব্যাহরণাৎ তদ্বিষয়া নামোচ্চারকপুরুষবিষয়া মদীয়োঽয়ং ময়া সর্ব্বতো রক্ষণীয় ইতি বিষ্ণোর্মতির্ভবতীত্যেষা। অতঃ স্বাভাবিকতদীয়াবেশহেতুত্বেন তদীয়স্বরূপভূতত্বাৎ পরমভাগবতানাং তদেকদেশ-শ্রবণমপি প্রীতিকরম্। যথা পাদ্মোত্তরখণ্ডে শ্রীরামাষ্টোত্তরশতনামস্তোত্রে শ্রীশিববাক্যম্—রকারাদীনি নামানি শৃণ্বতো দেবি জায়তে। প্রীতির্মে মনসো নিত্যং রামনাম-বিশঙ্কয়েতি। তদেবং সতি পাপক্ষয়মাত্রং লক্ষণং কিয়দিতিভাবঃ ॥ ৬। ২ ॥ শ্রীবিষ্ণুদূতা যমদূতান্ ॥ ২৬২ ॥

এস্থানে এইপ্রকার বিবেচনীয় যে—প্রথমতঃ শ্রীভগবন্নামরূপ গুণলীলা ও পরিকর শ্রবণই পরম শ্রেয়ঃজনক। তন্মধ্যেও মহৎকর্ত্তৃক আবির্ভাবিত প্রবন্ধ প্রভৃতি শ্রবণ আরও অধিক মঙ্গলজনক। আবার সেই মহদাবির্ভাবিত প্রবন্ধাদি যদি মহৎ কর্ত্তৃক কীর্ত্ত্যমান হয়, তবে তাহার মাহাত্ম্য অধিক; তন্মধ্যেও শ্রীমদ্ভাগবতের। আবার সেই শ্রীমদ্ভাগবত মহৎ কর্ত্তৃক কীর্ত্তিত হইলে আরও অধিক মঙ্গলপ্রদ। এখানে শ্রীভগবন্নাম রূপ প্রভৃতি শ্রবণ সম্পর্কে একটা বিশেষ কথা বুঝিতে হইবে। সে সম্বন্ধে শ্রীমদ্ভাগবতে ১১।৩।৪৮ শ্লোকোক্ত তাৎপর্য্য যথা—